ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিষ্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

স্মারক নং: ঢাকক- তারিখ: ০১/০৪/২০২৬

বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির শিক্ষার্থীদের পুনরায় স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে যে, তাদের ১ম পিরিয়ডের সময়কাল ৫০ মিনিট। সংশ্লিষ্ট সকলকে সাধারণজ্ঞান ক্লাস সফলভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। গুরুত্বপূর্ণ এই ক্লাসটি সমন্বিতরূপে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণীয়:

১। ক্লাসের শুরুতে সাধারণজ্ঞানের জন্য ১০ মিনিট বরাদ্দ থাকবে;
২। শিক্ষার্থীরা একটি বিশেষ খাতা/নোটবুক/ডায়েরি শ্রেণিকক্ষে আনবে;
৩। প্রতিদিন পূর্ব ঘোষিত টপিকে কমপক্ষে ৫টি তথ্য/প্রশ্নোত্তর নিজ নিজ খাতায় লিখে আনবে;
৪। কর্তৃপক্ষ পর্যায়ক্রমে সাধারণজ্ঞানের বিষয়াবলি সরবরাহ করবেন;
৫। শিক্ষকগণ নিয়মিতভাবে যথাসম্ভব সংখ্যক খাতা চেক করবেন;
৬। বাকি শিক্ষার্থীদেরকে উক্ত টপিক থেকে প্রশ্ন করবেন;
৭। ক্লাস ক্যাপ্টেনগণ পরবর্তী ক্লাসের টপিক জানিয়ে দেবেন;
৮। সাধারণজ্ঞান ক্লাসকে আকর্ষণীয় করার লক্ষ্যে সপ্তাহান্তে শ্রেণিকক্ষে প্রতিযোগিতার আয়োজন করা হবে;
৯। প্রতি পর্বে অন্তত ১টি আন্তঃসেকশন প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং বিজয়ী সেকশনকে পুরস্কৃত করা হবে।

সাধারণজ্ঞানের বিষয়াবলি

২য় পর্যায়: বাংলাদেশ বিষয়াবলি

১। বাংলাদেশের দর্শনীয় স্থানসমূহ
২। বাংলা ভাষার নানান দিক
৩। বাংলাদেশের পোশাক শিল্প
৪। বাংলাদেশের রপ্তানি পণ্য
৫। বাংলাদেশের নদী বন্দরসমূহ
৬। বাংলাদেশের সমুদ্র বন্দরসমূহ
৭। বাংলাদেশের সমুদ্র সৈকত
৮। বাংলাদেশের সুন্দরবন
৯। বাংলাদেশের কবি-সাহিত্যিক
১০। মেগা প্রকল্প (মেট্রোরেল, সেতু, ফ্লাইওভার ও অন্যান্য)
১১। বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ব্যাংক

৩য় পর্যায়: জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়াবলি

১। বাংলাদেশের সংবিধান সংশোধনীসমূহ
২। জুলাই সনদ
৩। জাতীয় সংসদ ভবন
৪। জাতীয় স্মৃতিসৌধ
৫। বাংলাদেশের বৃহত্তম, ক্ষুদ্রতম, উচ্চতম
৬। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকাল ও ভিসি
৭। আবিষ্কার ও আবিষ্কারক
৮। স্থাপত্য ও স্থপতি
৯। নিজ জেলা (যে সব কারণে বিখ্যাত)
১০। জেলার বর্তমান ও পূর্বনাম
১১। ফুটবল ও ক্রিকেট খেলার তথ্য

উল্লেখ্য, ক্লাস ক্যাপ্টেনগণ ২য় ও ৩য় পর্যায়ের বিষয়াবলি থেকে পর্যায়ক্রমে পরবর্তী ক্লাসের টপিক জানিয়ে দেবেন।

01/04/2026

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা কমার্স কলেজ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ :